

ঢাকা ওয়াসা

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০০৩.২৩

বিষয়: Repairing of water line leakage at north side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-4).

অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উত্তর পার্শ্বে জনবহুল এলাকায় বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। কুতুবখালী, কাজলা, শনির আখড়া, গোবিন্দপুর, কাজীরগাঁও, মৃধাবাড়ি, মাতুয়াইল, কোনাপাড়া, ডগাইর, মুসলিমনগর, মোমেনবাগ এবং শাহজালাল রোড ও তৎসংলগ্ন এলাকা সমূহে প্রায়শঃই পানির লাইনে লিকেজ হয়েছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয় এবং পানির লাইনের লিকেজ মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয়। উক্ত লিকেজ সমূহের কারণে পানির অপচয় হয় এবং সংশ্লিষ্ট এলাকায় তীব্র পানির স্বল্পতা দেখা দেয়। সংশ্লিষ্ট এলাকা সমূহের বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ময়লা পানি প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুর্গন্ধ যুক্ত পানি গ্রাহক হোল্ডিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। উল্লেখ্য যে, মডস জোন-৭ এর আওতাধীন অধিকাংশ এলাকা ডিএনডি প্রকল্পের অন্তর্ভুক্ত বিধায় উক্ত এলাকা সমূহে খাল, ডোবা-নালা ও পরিত্যক্ত জলাধার তুলনামূলকভাবে বেশি। সংশ্লিষ্ট বিভাগ উক্ত এলাকাসমূহের খাল পরিষ্কার করার সময় ঢাকা ওয়াসার সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগে ক্ষতিগ্রস্ত করে থাকে। ফলে ক্ষতিগ্রস্ত সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ দিয়ে লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হয়ে এলাকায় পানির স্বল্পতা দেখা দেয় এবং ক্ষতিগ্রস্ত পয়েন্ট দিয়ে ময়লা পানি সরবরাহ নেটওয়ার্কে প্রবেশ করে গ্রাহক হোল্ডিং এ সরবরাহ হয়। এছাড়া বিভিন্ন সময় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, তিতাস গ্যাস এবং বিভিন্ন সংস্থা হতে সরবরাহ পানির লাইন লিকেজ হয়ে পানির অপচয় ও রাস্তা নষ্ট হচ্ছে মর্মে অত্র দপ্তরে অভিযোগ পাওয়া যায়। ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে ন্যূনতম সময়ে লিকেজগুলো মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ১.১

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে “পার্ট-এ”-তে মালামাল বাবদ ৩৫,১১০/- (পয়ত্রিশ হাজার একশত দশ) টাকা মাত্র এবং “পার্ট-বি”-তে লেবার চার্জ বাবদ ৪,৯৮,২৯৭.০৯৩ (চার লক্ষ আটানব্বই হাজার দুই শত সাতানব্বই দশমিক শূন্য নয় তিন) টাকা মাত্র সহ সর্বমোট ৫,৩৩,৪০৭.০৯৩ (পাঁচ লক্ষ তেতত্রিশ হাজার চার শত সাত দশমিক শূন্য নয় তিন) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য “পার্ট-এ”-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে।

অনুচ্ছেদ: ১.২

আলোচ্য কাজটি চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.৬ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ: ১.৩

আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তি

সত্যায়িত

মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭, ঢাকা ওয়াসা

২০২২-২০২৩ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার
ফটোকপি।

পূর্বানুমোদিত দর।

৩	ক্যালকুলেশন শীট।
৪	উপস্থাপিত প্রাক্কলন।
৫	আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ: ১.৪

এমতাবস্থায়, "Repairing of water line leakage at north side of Dhaka-Chittagong road under MODS Zone-7 area, Dhaka WASA (Package-4)" শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি জরুরি বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের নিমিত্তে "পার্ট-বি"-তে পেশকৃত সর্বমোট ৪,৯৮,২৯৭.০৯৩ (চার লক্ষ আটাত্তাই হাজার দুই শত সাতাত্তাই দশমিক শূন্য নয় তিন) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সর্বিনিয়ে উপস্থাপন করা হ'ল।



৫-০১-২০২৩ ১৫:২৯:০৬
শেখ আহমেদ সিদ্দিক সান্নি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



৫-০১-২০২৩ ১৫:৪৫:৫৬
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭




৬-০১-২০২৩ ২০:৫৫:৫২
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



৯-০১-২০২৩ ১৬:৫৬:৫১
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


সত্যায়িত


15.06.23

মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭, ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ: ১.৫

অনুমোদিত



১০-০১-২০২৩ ৫:৪৭:৪২
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

১০-০১-২০২৩ ৫:৪৭:৪২
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

১০-০১-২০২৩ ৫:৪৭:৪২

মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী

প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

AE (Mr. Afzal) / SAE (Mr. Paul)

১০/০২/২৩

মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭
ঢাকা ওয়াসা।